

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 01 May, 2025

হলদিগ্রাম চৌরাস্তা বাজার সংলগ্ন রাত ১২:৩০ ঘটিকায় বাশ ঝাড় থেকে ৩ বস্তা ভারতীয় শাড়ি জব্দ করেছে এলাকাবাসী।

চোরাকারবারীরা বস্তা পার করার সময় এলাকার কিছু লোকজন চোর সন্দেহে চিল্লাচিল্লি করতে থাকে তাদের উপস্থিত এবং চিল্লাচিল্লিতে বস্তা ফেলে পালিয়ে যায় চোরাকারবারীরা।

পরবর্তী বিজিবি ক্যাম্পে ফোন করে বিষয় টি জানানো হয় টহলরত বিজিবি সদস্যরা

এসে ৩ বস্তা শাড়ি জব্দ করে ক্যাম্পে নিয়ে যায় পরবর্তী বিজিবি সাথে যোগাযোগ করলে জানা যায় ৩ বস্তায় ৬০ পিচ শাড়ি ছিল যাহার বাজার মূল্য প্রায় ৫ লক্ষ টাকা।

হলদিগ্রাম বিওপি'র ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার নুরুল আলম বলেন, ঈদ উৎসবকে কেন্দ্র করে চোরাকারবারীরা সক্রিয় হয়ে উঠেছে। তাদের অপতৎপরতা রুখে দিতে বিজিবি সীমান্ত এলাকায় কঠোর নজরদারি বজায় রেখেছে এবং অভিযানিক কার্যক্রম জোরদার করেছে। জব্দকৃত ভারতীয় শাড়িগুলো আইনানুগ প্রক্রিয়া অনুসরণ করে ময়মনসিংহ শুল্ক কার্যালয়ে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলেও তিনি জানান।

বিজিবি ক্যাম্প

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/7758071705>